ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
মাদরাসা পরিদর্শন দপ্তর
বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।

স্মারক নং-ইআবি/পরি/ফাজিল-অধিভুক্তি/২০২১/১৫৫৮৫ তারিখ: ১৩ মাঘ, ১৪৩২ বঙ্গাব্দ / ২৭ জানুয়ারি, ২০২৬ খ্রিষ্টাব্দ

## অফিস আদেশ

সলিমা সিরাজ মহিলা ফাজিল মাদরাসা, ডাকঘর: চকবাজার, উপজেলা: কোতোয়ালী, জেলা: চট্টগ্রাম (মাদরাসা কোড: ১৭৪৩৫, EIIN: ১০৪৫২৫)-এর ফাজিল স্নাতক (পাস) বিএ স্তর অধিভুক্তির বিষয়ে অধ্যক্ষের আবেদনের পরিপ্রেক্ষিতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় আইন ২০১৩ এর প্রথম সংবিধির ধারা ৪.(৪) ক অনুযায়ী গঠিত পরিদর্শন কমিটির দাখিলকৃত প্রতিবেদন, ১৭.১১.২০২৫ তারিখ অনুষ্ঠিত অধিভুক্তি কমিটির ১৪শ সভার সিদ্ধান্ত ও সুপারিশ, ১৯.০১.২০২৬ তারিখে অনুষ্ঠিত একাডেমিক কাউন্সিলের ২২তম সভার সিদ্ধান্ত-০৪ এবং ২০.০১.২০২৬ তারিখে অনুষ্ঠিত সিন্ডিকেটের ৪০তম সভার অনুমোদনক্রমে উক্ত মাদরাসাকে ফাজিল স্নাতক (পাস) বিএ স্তর নিম্নবর্ণিত শর্তে ১৭.১১.২০২৫ থেকে ১৬.১১.২০২৯ তারিখ পর্যন্ত আগামী ০৪ (চার) বছরের জন্য ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ে অধিভুক্ত করা হলোঃ

**শর্তসমূহ:**

১. সকল স্তরে শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি করত: শিক্ষার্থীদের পরীক্ষার ফলাফল আরো উন্নত করতে হবে;
২. ফাজিল স্নাতক (পাস) স্তরে আরবী/ ইস: শিক্ষা বিষয়ে মহিলা শিক্ষক নিয়োগ দিতে হবে;
৩. বছরে কমপক্ষে একবার দিনব্যাপী মানসম্পন্ন শিক্ষক প্রশিক্ষণ কর্মশালা করতে হবে;
৪. লাইব্রেরির জন্য আরো প্রশস্ত কক্ষের ব্যবস্থা করতে হবে এবং লাইব্রেরিতে বইয়ের পরিমাণ আরো বৃদ্ধি করতে হবে;
৫. লাইব্রেরীর বুক কোডিং সিস্টেম অনুসরণ করে বইগুলো সুশৃংখলভাবে সংরক্ষণ, অনুসন্ধান ও পরিসংখ্যানের ব্যবস্থা করতে হবে;
৬. মাদরাসার শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীদের দৈনিক হাজিরা বইতে আগমন-প্রস্থান নিশ্চিত করতে হবে;
৭. মাদরাসার সার্বিক নিরাপত্তার জন্য সি.সি. ক্যামেরার ব্যবস্থা করতে হবে;
৮. শ্রেণিকক্ষে মূল আরবী কিতাবের মাধ্যমে পাঠদান নিশ্চিত করতে হবে;
৯. ফাজিল স্তরে শ্রেণিকক্ষে পাঠদানের মান আরো উন্নত করা এবং শিক্ষার্থীদের উপস্থিতি নিশ্চিত করতে হবে;
১০. মাদরাসার পক্ষ থেকে বার্ষিক জার্নাল প্রকাশ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;
১১. শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীদের ছুটি রেজিস্ট্রার বা ডিজিটাল হাজিরার ব্যবস্থা করতে হবে;
১২. দাপ্তরিক নথিপত্র ও তথ্যসমূহ সংরক্ষণে যথাযথ পদ্ধতি অনুসরণ করা এবং এক্ষেত্রে আরো যত্নবান হতে হবে;
১৩. লাইব্রেরীর বই ইস্যু রেজিস্ট্রারের যাবতীয় তথ্য হালনাগাদ করতে হবে;
১৪. ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের সিলেবাসে উল্লেখিত রেফারেন্স গ্রন্থসমূহের মূলকপি/ পিডিএফ থেকে প্রিন্টেড কপি লাইব্রেরিতে সংরক্ষণ করতে হবে;
১৫. অধিভুক্তির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে অধিভুক্তি নবায়নের জন্য আবেদন করতে হবে।

মাননীয় ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে
27/01/2026
(মোঃ গিয়াস উদ্দীন)
মাদরাসা পরিদর্শক

অধ্যক্ষ
সলিমা সিরাজ মহিলা ফাজিল মাদরাসা
ডাকঘর: চকবাজার, উপজেলা: কোতোয়ালী, জেলা: চট্টগ্রাম।

স্মারক নং-ইআবি/পরি/ফাজিল-অধিভুক্তি/২০২১/১৫৫৮৫ তারিখ: ১৩ মাঘ, ১৪৩২ বঙ্গাব্দ / ২৭ জানুয়ারি, ২০২৬ খ্রিষ্টাব্দ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:**

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০;
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১;
৩. ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইআবি, ঢাকা;
৪. প্রোগ্রামার, আইসিটি শাখা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য);
৫. সভাপতি, সলিমা সিরাজ মহিলা ফাজিল মাদরাসা, ডাকঘর: চকবাজার, উপজেলা: কোতোয়ালী, জেলা: চট্টগ্রাম;
৬. অফিস নথি।

27/01/26
(মোঃ জাহান উদ্দিন)
সহকারী মাদরাসা পরিদর্শক
মোবাইলঃ ০১৭২৪ ৮০৮৫২৪